

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

নং পরীক্ষা/সি-ই-৫৮৪

তারিখ : ০৩/০৩/২০১৫

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীর অবগতির জন্য জানানো যাইতেছে যে, চল্তি টার্মে যে সকল ছাত্র/ছাত্রীর গ্র্যাজুয়েশন সম্পন্ন করিতে সর্বোচ্চ ২টি Theory Course বাকী আছে যা ইতিপূর্বে ছাত্র/ছাত্রীগণ রেজিস্ট্রেশন করিয়া অনুষ্ঠীর্ণ হইয়াছে বা Term Withdraw করিয়াছে এবং চল্তি টার্মে উক্ত বিষয়/বিষয়সমূহ রেজিস্ট্রেশন করিয়াছে তাহাদের গ্র্যাজুয়েশন সম্পন্ন করার লক্ষ্য একাডেমিক কাউন্সিলের অনুমোদন ও উপাচার্য মহোদয়ের নির্দেশ মোতাবেক Supplementary পরীক্ষা নেওয়া হইবে। Supplementary পরীক্ষায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে আগামী ০৭/০৩/২০১৫ তারিখ, শনিবার হইতে ১১/০৩/২০১৫ তারিখ, শনিবার পর্যন্ত সময়ে Online প্রক্রিয়া সম্পন্ন করিয়া নিজ নিজ Adviser এর মাধ্যমে বিভাগীয় প্রধানের নিকট ১৪/০৩/২০১৫ তারিখ, শনিবার এর মধ্যে লিখিত আবেদন করার নির্দেশ দেওয়া হইল। যে সকল ছাত্র/ছাত্রী Sessional/Industrial Training/ Practical Survey ইত্যাদি কোর্সসমূহ ইতিমধ্যে সম্পন্ন করে নাই Supplementary পরীক্ষার জন্য তাহাদের আবেদন বিবেচিত হইবে না।

আবেদনকৃত বিষয়সমূহের মোট নম্বরের ৭০% নম্বরের উপর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে এবং অবশিষ্ট ৩০% নম্বর পূর্ববর্তী টার্মের Continuous Assessment (ClassTest ও Class Attendance) হইতে নেওয়া হইবে (তবে পূর্বে একই বিষয়ে একাধিকবার অনুষ্ঠীর্ণ হইলে সবচেয়ে বেশী নম্বর প্রাপ্ত Continuous Assesment বিবেচনা করা হইবে)। উল্লেখ্য যে, Supplementary পরীক্ষায় অকৃতকার্য ছাত্র/ছাত্রীগণ চল্তি টার্ম ফাইনাল পরীক্ষায়ও অংশগ্রহণ করিতে পারিবে।

কেন্দ্রীয় মনিটরিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত Supplementary পরীক্ষা মিড টার্ম বিরতির দিনগুলোতে বিকাল ২:০০ টা হইতে ৫:০০ টা পর্যন্ত সময়ে পুরকৌশল ভবনে অনুষ্ঠিত হইবে। পরীক্ষার বিস্তারিত প্রোগ্রাম যথাসময়ে ঘোষনা করা হইবে।

(ডঃ মোঃ আবুল কাশেম মির্জা)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

অধ্যাপক, সিএসই বিভাগ

নং পরীক্ষা/সি-ই-৫৮৪(৬০)

তারিখ : ০৩/০৩/২০১৫

অনুলিপি :

- ১। সকল ডীন, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ২। সকল বিভাগীয় প্রধান/অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ৩। রেজিস্ট্রার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করনের জন্য)
- ৪। ছাত্র কল্যাণ পরিচালক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ৫। পরিচালক, আইআইসিটি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (ওয়েব সাইটে আপলোড ও অনলাইন রেজিস্ট্রেশনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)
- ৬। সকল হল প্রভোষ্ঠ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ৭। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। সকল নোটিশ বোর্ড (বিশ্ববিদ্যালয় ও হল), বাঃ প্রঃ বিঃ, ঢাকা

03.03.2015

(প্রকৌশলী মোঃ সানাউল্লাহ হাকিম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

3/3/15